দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ... 05 APR 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২

008

# চলতি মাসে বিসিএস পরীক্ষার ফল বেরোচ্ছে

।। সুনীল ব্যানার্জি ।।

চলতি মাসের মধ্যে বিসিএস (বাংলাদেশ সিভিল সার্ভিস) পরীক্ষার ফল বের হবে। এই পরীক্ষায় সব ক্যাডার মিলে প্রায় সাড়ে তিন হাজার পরীক্ষার্থী উত্তীর্ণ হবার সম্ভাবনা রয়েছে।

নির্ভরযোগ্যসূত্রের খবরঃ অষ্টম এই বিসিএস পরীক্ষায় যাদের উত্তীর্ণ হবার সম্ভাবনা রয়েছে তার মধ্যে জেনারেল ক্যাডারের প্রার্থী সংখ্যা প্রায় ২২শ। বাকীরা ডাক্তার ও ইঞ্জিনিয়ার ক্যাডারভুক্ত। সংস্থাপন মন্ত্রণালয় থেকে এরই মধ্যে ৪৪৫টি জেনারেল ক্যাডারের প্রথম শ্রেণীর মর্যাদাসম্পন্ন পদ খালি রয়েছে বলে উল্লেখ করা হয়েছে। এর মধ্যে ২৫০টি ম্যাজিস্ট্রেটের পদ। বাকী পদগুলির মধ্যে রয়েছে ইনকাম ট্যাক্স ফরেন সার্ভিস ইত্যাদি। এছাড়া ক্যাডার ভুক্ত বহু ডাক্তার ও ইঞ্জিনিয়ারের পদ খালি রয়েছে। ফলে এবারের বিসিএস পরীক্ষায় যারা পাস করবেন তাদের অধিকাংশই চাকরিতে জয়েন করতে পারবেন বলে আশা

(৩-এর পৃঃ দ্রঃ)

## চলতি মাসে

(প্রথম পৃঃ পর)

করা যাচেছ।

...১৯৮৭ সালে অষ্টম এই বিসিএস পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ফরম জমা দেয়ার সর্বশেষ সময় ছিল ১৯৮৬ সালের ১৫ই জুন। প্রায় ৩৩ হাজার প্রার্থী আবেদন করেন। এর মধ্যে সাড়ে চার হাজারেরও বেশী প্রার্থী লিখিত পরীক্ষা দেন। লিখিত পরীক্ষায় অবতীর্ণদের মৌখিক ও মনস্তত্ব পরীক্ষা নেয়ার পর চূড়ান্তভাবে বাছাই করা হয়েছে।

অষ্টম বিসিএস পরীক্ষার ফলাফল প্রকাশের আগেই সম্প্রতি নবম বিসিএস পরীক্ষা নেয়া হয়েছে। গত ২৪শে জানুয়ারী-এর লিখিত পরীক্ষা শেষ হয়। এতে প্রায় ৩৭ হাজার প্রার্থীর মধ্যে ১৬ হাজারেরও বেশী প্রার্থী লিখিত পরীক্ষা দিয়েছে বলে জানা গেছে।